Cosmo School

শ্রেণি: অষ্টম

বিষয়: বাংলা ১ম পত্র

এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম

জ্ঞানমূলক প্রশ্ন:

১. বঙ্গবন্ধু বাংলাকে বিশ্বসভায় মর্যাদার আসনে কীভাবে অধিষ্ঠিত করেন?
২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বহুবার কারাবরণ করেছেন কেন?
৩. বঙ্গবন্ধু হরতাল ডেকেও রিকশা, গরুর গাড়ি, রেল ও লঞ্চ চলার অনুমতি দেন, কারণ-
৪. বঙ্গবন্ধু ঘরে ঘরে দুর্গ গড়ে তুলতে বলেছিলেন কেন?
৫. 'আজ বাংলার মানুষ মুক্তি চায়' বলতে বোঝানো হয়েছে-
৬. আর.টি.সি বলতে কী বোঝানো হয়েছে?
৭. 'ন্যাশনাল অ্যাসেম্বলি' বলতে কী বোঝায়?
৮. 'আমি প্রধানমন্ত্রিত্ব চাই না।' শেখ মুজিবের এ বক্তব্যে কী ভাব ফুটে উঠেছে?
৯. বঙ্গবন্ধুর ১৯৭১-এর ৭ই মার্চের ভাষণের পটভূমি কী?
১০. পাকিস্তানের সামরিক শাসক আইয়ুব খানের ক্ষমতাচ্যুতির প্রেক্ষাপট কী?
১১. ইয়াহিয়া খানের জাতীয় পরিষদের অধিবেশন ঘোষণা করে পুনরায় স্থগিতের মাঝে ফুটে উঠেছে যে মনোভাব, তা হলো-
১২. ৬ দফা দাবি মূলত বাঙালির-
১৩. 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' রচনাটি পড়ে পাঠক উদ্বুদ্ধ হবে কোন চেতনায়?
১৪. শেখ মুজিবুর বহমান কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?
১৫. শেখ মুজিবুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগে অধ্যয়ন করেন?

সৃজনশীল প্রশ্ন:

শত বছরের শত সংগ্রাম শেষে,
রবীন্দ্রনাথের মতো দৃপ্ত পায়ে হেঁটে
অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়ালেন
....
সকল দুয়ার খোলা, কে রোধে তাঁহার বজ্রকণ্ঠ বাণী?
গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তার
অমর কবিতাখানি।
এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।

ক) জাতির জনক শেখ মুজিবুর রহমান কত সালে 'বঙ্গবন্ধু' উপাধি পান?
খ) 'আমরা এদেশের মানুষের অধিকার চাই'- বঙ্গবন্ধু কেন এ কথা বলেছেন?
গ) উদ্দীপকে 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' প্রবন্ধের কতটুকু ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।
ঘ) "উদ্দীপকে 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' প্রবন্ধের অনেকাংশ অপ্রকাশিত রয়ে গেছে।"-উক্তিটি মূল্যায়ন কর।